

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.০৪২.০১১.০৬.০০.০০৬.২০১৪.

৪৬৬০

তারিখঃ ২৬/১২/২০১৫।


বিষয়ঃ মৌলভীবাজার জেলা পরিষদের সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র : মৌলভীবাজার জেলা পরিষদের স্মারক নং-জেপমৌ/২০১৫/২৫৮৮, তারিখঃ ০২.০৯.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মৌলভীবাজার জেলা পরিষদের মালিকানাধীন ৬টি ডাকবাংলো/অডিটরিয়াম/রেস্ট হাউজ রক্ষণা বেকনের স্বার্থে সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) নিম্নে বর্ণিত শর্তে ০৩জন দারোয়ান কাম কেয়ারটেকার নিয়োগে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলোঃ

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবেনা এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পাববেনা।
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।


২৬/১২/১৫
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-igzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।